



মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

Web site : www.manikganjpourashava.com

E-mail : manikganj_municipality@yahoo.com

Phone No. 02-996610403/02-996610572/02-996610813, Mobile : 01713014393.

“শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন”

স্মারক নং- মাপৌ/প্রশাঃ-২০২৩/১৩৬১

তারিখ : ১৬/১১/২০২৩ খ্রি.

মানিকগঞ্জ পৌরসভার সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী।

- ০১ সভার সভাপতি : জনাব আবুল কালাম আজাদ, কাউন্সিলর, ০১নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা ও সভাপতি, সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি।
- ০২ সভার নাম : সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটির সভা।
- ০৩ সভার তারিখ : ১৬/১১/২০২৩ইং।
- ০৪ সভার বার : বৃহস্পতিবার।
- ০৫ সভার সময় : বেলা ১১.০০ ঘটিকা।
- ০৬ সভার স্থান : মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ।

সভার উপস্থিতি (পরিশিষ্ট-ক)

সভার প্রারম্ভে সভার সভাপতি উপস্থিত মাননীয় মেয়র মহোদয় সহ সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় সভার শুরুতে সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটির সহায়ক কর্মকর্তা মোহাম্মদ আমিরুল ইসলাম, প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সভার আলোচ্য সূচি উপস্থাপনের অনুরোধ জানান।

(১) পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও দৃষ্টিকরণ : সভাপতির নির্দেশনা মোতাবেক কমিটির সহায়ক কর্মকর্তা গত ১৮/০৯/২০২৩ ইং তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকলের উদ্দেশ্যে পাঠ করিয়া শুনান। উক্ত সভার কার্যবিবরণী শ্রবণান্তে উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীর উপর কোন প্রকার সংশোধন পরিবর্তন পরিমার্জন না থাকায় উল্লেখিত সভার কার্য বিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সুপারিশ করা হলো।

(২) মানিকগঞ্জ পৌরসভার স্বাস্থ্য শাখার চুক্তিভিত্তিক কর্মচারীদের মাসিক বেতন বিষয়ে আলোচনা।

আলোচনা : অত্র কমিটির সহায়ক কর্মকর্তা মোহাম্মদ আমিরুল ইসলাম সভাকে অবহিত করেন যে, স্বাস্থ্য শাখার নিয়োজিত ০৮ (আট) জন চুক্তিভিত্তিক কর্মচারী বন্ধের দিনের বেতন পাওয়ার জন্য আবেদন করেছেন। আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। আবেদন পত্রে উল্লেখ করেছেন তারা সরকার কর্তৃক বিভিন্ন জাতীয় প্রোগ্রামে, ভিটামিন এ-ক্যাপসুল খাওয়ানো, বিভিন্ন প্রকার টিকাদান কর্মসূচিতে শুক্রবার ও শনিবার বন্ধের দিনেও দায়িত্ব পালন করেন। তিনি আরো বলেন মানিকগঞ্জ পৌরসভার চুক্তিভিত্তিক কর্মচারীদের বেতন বৈষম্য দূর করার বিষয়ে ইতোপূর্বে সংস্থান ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার সুপারিশ মোতাবেক পৌর পরিষদের মাসিক সভায় অনুমোদন হয়ে তা ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। সভার সভাপতি বলেন যে, যেহেতু আবেদনকারীরা বিভিন্ন কর্মসূচিতে সরকারি ছুটির দিনও দায়িত্ব পালন করে থাকে তাই স্বাস্থ্য শাখার আবেদিত নিম্ন লিখিত ০৮ (আট) জন চুক্তিভিত্তিক কর্মচারীর বন্ধের দিনের বেতন প্রদান করা যেতে পারে। বিষয়টি নিয়ে উপস্থিত সকলে বিস্তারিত আলোচনা করেন।


সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভার স্বাস্থ্য শাখার আবেদিত ০৮ (আট) জন চুক্তিভিত্তিক কর্মচারী ০১। মোঃ জহির উদ্দিন, ০২। মরিয়ম আক্তার, ০৩। মোঃ আব্দুল আজিজ, ০৪। রওশন আরা শিউলী, ০৫। মোঃ বজলুর রহমান, ০৬। ইয়াসমিন আক্তার, ০৭। মোঃ আলমগীর হোসেন, ০৮। নূরজাহান বেগমকে সাপ্তাহিক বন্ধের দিনের বেতন প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সুপারিশ গৃহীত হলো।

বিবিধ : ০১ : জনাব মোহাম্মদ আব্দুল কাদের চুক্তিভিত্তিক কর্মীর বেতন বৃদ্ধির আবেদন প্রসঙ্গে।

আলোচনা : সভাপতি সভাকে জানান যে, কঞ্জারভেসী কর্মী জনাব মোহাম্মদ আব্দুল কাদের তার বেতন বৃদ্ধির জন্য একটি আবেদন দাখিল করেছেন। আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। আবেদন পত্রে উল্লেখ করেছেন বর্তমান মূল্যস্ফীতি উর্ধ্বগতির কারণে পারিবারিক ব্যয় চালানো তার পক্ষে অসম্ভব হয়ে পড়েছে। তৎপরিত্রেক্ষিতে তার বেতন বৃদ্ধির আবেদনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভার কঞ্জারভেসী কর্মী জনাব মোহাম্মদ আব্দুল কাদেরের বেতন দৈনিক ৪১৫/- (চারশত পনের) টাকার স্থলে বৃদ্ধি পূর্বক ৪৩৫/- (চারশত পঁয়ত্রিশ) টাকা নির্ধারণের সুপারিশ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষণা করেন।



(আবুল কালম আজাদ)

কাউন্সিলর

০১নং সাধারণ ওয়ার্ড

ও

সভাপতি

সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি

মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

তারিখ : ১৬/১১/২০২৩ খ্রি.

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/১৩৬১

অনুলিপি অবগতি জন্য প্রেরণ করা হলো :-


০১। মেয়র, মানিকগঞ্জ পৌরসভা

০২। জনাব.....কাউন্সিলর ও সদস্য সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা

০৩। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা

০৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা

০৫। জনাব সদস্য সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা



কাউন্সিলর

০১নং সাধারণ ওয়ার্ড

ও

সভাপতি

সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি

মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।